ভোরের কাগজ

তারিখ ... AUG 01 1999 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশ
# পাসের হার ৩৫.৭০%

কাগজ প্রতিবেদক : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯৮ সালে অনুষ্ঠিত ডিগ্রি (পাস) এবং সার্টিফিকেট কোর্স পরীক্ষার ফলাফল গতকাল শনিবার প্রকাশিত হয়েছে। পাসের হার ৩৫ দশমিক ৭০।

পরীক্ষায় অংশ নেওয়া ১ লাখ ৮৪ হাজার ৩২৬ জন ছাত্রছাত্রীর মধ্যে কৃতকার্য হয়েছে ৬৫ হাজার ৮১২ জন। এরমধ্যে ছাত্র ৪৫ হাজার ৩২৩ জন এবং ছাত্রী ২০ হাজার ৪৮৯ জন। ছেলেদের পাসের হার ৩৪ দশমিক ২৩ এবং মেয়েদের পাসের হার ৩৯ দশমিক ৪৬।

বিএ (পাস) পরীক্ষায় অংশ নেওয়া ৮৭ হাজার ৩৬৩ জন ছাত্রছাত্রীর মধ্যে কৃতকার্য হয়েছে ২৮ হাজার ৯৫৯ জন। পাসের হার ৩৩ দশমিক ১৫। বিএ (পাস) পরীক্ষায় ১৩০ জন প্রথম বিভাগ, ১৯ হাজার ২৪২ জন দ্বিতীয় বিভাগ এবং ৯ হাজার ৫৮৭ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। চট্টগ্রামের সরকারি সিটি কলেজের মোহাম্মদ মাকসুদুর রহমান ৭৩৭ নম্বর পেয়ে মেধাতালিকায় প্রথম হয়েছে। মেধাতালিকায় দ্বিতীয় ও তৃতীয় হয়েছে যথাক্রমে মিরপুর গার্লস আইডিয়াল কলেজের মোসাম্মৎ সাবিনা বেগম (৬৯০) এবং নরসিংদী সরকারি কলেজের মোঃ নাজমুল হোসাইন (৬৮৯)।

বিএসএস (পাস) পরীক্ষায় অংশ নিয়েছিল ৪৮ হাজার ৮৯৩ জন পরীক্ষার্থী। এর মধ্যে কৃতকার্য হয়েছে ১৬ হাজার ৮০৭ জন। পাসের হার ৩৪ দশমিক ৩৮। ৮ জন প্রথম বিভাগ, ১০ হাজার ৬৯ জন দ্বিতীয় বিভাগ এবং ৬ হাজার ৭৩০ জন তৃতীয় বিভাগে পাস করেছে। কুমিল্লার নাঙ্গলকোট হাসান মেমোরিয়াল কলেজের সালমা বেগম ৬২২ নম্বর পেয়ে বিএসএস (পাস) পরীক্ষায় মেধাতালিকায় প্রথম হয়েছে। কুমিল্লার মুরাদনগরের কাজী নোমান আহমেদ কলেজের শাহিন আখতার ৬১৭ নম্বর পেয়ে দ্বিতীয় এবং নাঙ্গলকোট হাসান মেমোরিয়াল কলেজের মোহাম্মদ হুমায়ূন কবীর ৬১২ নম্বর পেয়ে তৃতীয় স্থান অর্জন করেছে।

বিকম (পাস) পরীক্ষায় ২৯ হাজার ২৪২ জন অংশ নিয়ে উত্তীর্ণ হয়েছে ১২ হাজার ৩৯২ জন। পাসের হার ৪২ দশমিক ৩৮। ১০ জন প্রথম বিভাগ, ৫ হাজার ৩৮৩ জন দ্বিতীয় বিভাগ এবং ৬ হাজার ৯৯৯ জন তৃতীয় বিভাগে পাস করেছে। বিকম পরীক্ষার মেধাতালিকায় মোহাম্মদপুর মহিলা কলেজের সফুরা আক্তার ৬৪১ নম্বর পেয়ে প্রথম হয়েছে। দ্বিতীয় ও তৃতীয় হয়েছে সিটি কলেজের রেজা-উর-রহমান মাহমুদ (৬৩৯) এবং আব্দুল্লাহ আল মাহমুদ (৬৩৫)।

● এরপর -পৃষ্ঠা ২ কলাম ৪

## ডিগ্রি পরীক্ষা

● প্রথম পাতার পর

বিএসসি (পাস) পরীক্ষায় ১৫ হাজার ৮৫৬ জন অংশ নিয়ে পাস করেছে ৬ হাজার ৪৫৭ জন। পাসের হার ৪০ দশমিক ৭২। উত্তীর্ণদের মধ্যে ১৭৭ জন প্রথম বিভাগ, ৫ হাজার ৫০ জন দ্বিতীয় বিভাগ এবং ১ হাজার ২৩০ জন তৃতীয় বিভাগে পাস করেছে। চট্টগ্রামের হাটহাজারি কলেজের মনোয়ারা বেগম ৭১৩ নম্বর পেয়ে মেধাতালিকায় প্রথম হয়েছে। মেধাতালিকায় ৬৮১ নম্বর পেয়ে চট্টগ্রামের নাজিরহাট কলেজের নওরিন জাহান দ্বিতীয় এবং স্বরূপকাঠি কলেজের মোঃ আকবর হোসাইন ৬৭৯ নম্বর পেয়ে তৃতীয় হয়েছে।

বি মিউজিক পরীক্ষায় ২১ জন অংশ নিয়ে ৬ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। এ ছাড়া সার্টিফিকেট কোর্সে ২ হাজার ৯৫১ জন অংশ নিয়ে ১ হাজার ১৯১ জন পাস করেছে।